তারিখ: ২৫ নভেম্বর, ২০২৫
স্মারক নং: রিহ্যাব (অপা:ডি:০০৭)/সকল সদস্য-১/২০২৫/ ২৪৬৬০

বরাবর
**সকল সম্মানিত সদস্য**
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

**বিষয়ঃ দেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট ও অর্থনৈতিক মন্দা পরিস্থিতির কারণে রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের প্রকল্পসমূহ সম্পন্ন ও হস্তান্তরের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।**

জনাব,

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশের বর্তমান রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি একটি সংকটপূর্ণ অবস্থার ভিতর দিয়ে যাচ্ছে। বিদ্যমান পরিস্থিতিতে নির্মাণ খাতের সার্বিক কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। বাংলাদেশে ভবন নির্মাণ কার্যক্রম প্রায় বন্ধ ও দৈনন্দিন আর্থিক লেনদেন বর্তমানে নাজুক অবস্থায় পৌঁছেছে। ইতোমধ্যে দেশের বর্তমান পরিস্থিতির কারণে রিহ্যাব সদস্য ডেভেলপারবৃন্দ, জমির মালিক ও ক্রেতা সাধারণের সঙ্গে সম্পাদিত চুক্তির সময় শর্ত পালন করার বিষয়ে গভীর অনিশ্চয়তা ও সংকট সৃষ্টি হয়েছে।

**উক্তরূপ পরিস্থিতি বিবেচনায় গত ২৩ নভেম্বর, ২০২৫ তারিখে অনুষ্ঠিত রিহ্যাব পরিচালনা পর্ষদ (২০২৪-২০২৬) এর ১৫তম সভায় রিহ্যাব সদস্যবৃন্দ কর্তৃক সম্পাদিত চুক্তির Force Majeure শর্তের আওতায় তাদের প্রকল্প সম্পাদন ও ফ্ল্যাট হস্তান্তরের সময়সীমা ১০(দশ) মাস পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, যা ০১ ডিসেম্বর ২০২৫ থেকে ৩০ সেপ্টেম্বর, ২০২৬ পর্যন্ত বলবৎ থাকবে। তবে বিদ্যমান ক্রেতা সাধারণের জন্য এই বর্ধিত সময়ের বিষয়ে উভয় পক্ষকে আলোচনার মাধ্যমে কিস্তি প্রদানের পুনঃতফসিল করার পরামর্শ দেওয়া হল।**

রিহ্যাব সদস্যগণের সাথে সম্পাদিত চুক্তিতে বর্ণিত Force Majeure এর আওতায় বর্তমান পরিস্থিতির কারণে সংশ্লিষ্ট জমির মালিক ও ক্রেতা সাধারণের সাথে সম্পাদিত চুক্তির সময়সীমা আরো ১০(দশ) মাস বৃদ্ধি সংক্রান্ত "রিহ্যাব সিদ্ধান্ত"-টি সংশ্লিষ্টদেরকে অবহিত করার জন্য সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হচ্ছে।

ধন্যবাদসহ-

মোঃ ওয়াহিদুজ্জামান
প্রেসিডেন্ট
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH • REHAB •

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885